








# দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগ কী ও কেন?












দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগ
আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম

## ভূমিকা

মুসলিম বিশ্ব আজ নানাবিধ সংকটের মুখোমুখি। সব সংকট ছাপিয়ে উম্মাহর আভ্যন্তরীন সংকট আজ প্রকট আকার ধারণ করেছে। দিকে দিকে অনৈক্য, বিভক্তি আর দলবাজী দিনে দিনে আমাদের অশান্তির অতল গহবরে নিয়ে যাচ্ছে। পাশাপাশি ইসলাম সম্পর্কে কতিপয় মানুষের অপ্রতুল কিংবা ভ্রান্ত ধারণা তাদেরকে প্রান্তিকতার দিকে ঠেলে দিচ্ছে ক্রমেই। কারো সাথে সামান্য মত কিংবা চিন্তার তফাৎ হলেই কাফের ফাসেক ফতোয়া দেওয়ার মনোচেতনা বেড়েই চলেছে দিনে দিনে। ফলশ্রুতিতে মুসলিম উম্মাহর মধ্যে ভ্রাতৃত্ববোধের বদলে আজ হিংসা বিদ্বেষের বিষবাষ্প ছড়িয়ে পড়ছে। এই যখন পরিস্থিতি তখন মুসলিম উম্মাহর সব মত ও পথের মানুষের এক প্লাটফর্মে নিয়ে আসার জন্য কিছু যোগ্যতাসম্পন্ন, উদার দাঈ ইলাল্লাহ তৈরি করা এখন সময়ের অপরিহার্য বাস্তবতা; অন্যথায় চলমান উদ্ভূত সংকট মোকাবেলা করা দুঃসাধ্য হয়ে পড়বে। এর ফলে  অদূর ভবিষ্যতে সামাজিক শৃঙ্খলা ভেঙ্গে গিয়ে সমাজে এক ধরনের অস্থিরতা সৃষ্টি হবে যার মাশুল গুনতে হবে সমাজের প্রতিটি সদস্যকে।

## দা'ওয়াহ পরিচিতি

দা'ওয়াহ শব্দের সরল অর্থ হচ্ছেঃ ডাকা, আহবান করা, দৃষ্টি আকর্ষণ, চাওয়া, প্রার্থনা ইত্যাদি। পারিভাষিক অর্থে দা'ওয়াহ হচ্ছেঃ ইসলামকে মানুষের কাছে পৌছানো, তাঁদেরকে ইসলাম শেখানো ও বাস্তব জীবনে তা প্রয়োগ করা। মোটকথা দা'ওয়াহ হচ্ছে, ইসলামের সুমহান শিক্ষাকে মানুষের কাছে পৌছে দিয়ে সে অনুযায়ী জীবনকে সাজানোর উৎসাহ প্রদান করা।

## প্রাতিষ্ঠানিকভাবে দা'ওয়াহ বিষয়ে পড়াশুনা করার প্রয়োজনীয়তা

দা'ওয়াতী কাজের মতো এত গুরুত্বপূর্ণ কাজ যেনতেন ভাবে যে কেউ করতে পারে না। এজন্য দরকার একদল সুশিক্ষিত ও প্রশিক্ষিত দাঈ ইলাল্লাহ। যারা নবী-রাসূল ও সালফে সালেহীনের বাতলানো পদ্ধতিতে আধুনিক উপায়ে ইসলামের সুমহান আদর্শকে মানুষের দোর গোড়ায় পৌঁছে দেবে। মহান আল্লাহ তায়ালা দা'ওয়াতী কাজ আঞ্জাম সম্পর্কে বলেন, (ادْعُ إِلَى سَبِيلِ رَبِّكَ بِالْحِكْمَةِ وَالْمَوْعِظَةِ الْحَسَنَةِ وَجَادِلْهُمْ بِالَّتِي هِيَ أَحْسَنُ) "(হে নবী) আপনি আল্লাহর পথে মানুষদের ডাকুন প্রজ্ঞা ও উত্তম ওয়াজের মাধ্যমে এবং তাদের সাথে উত্তম পন্থায় বিতর্ক করুন" (সূরা আন-নাহলঃ ১২৫)। উপরোক্ত আয়াত থেকে প্রতীয়মান হয় যে, দা'ওয়াতী কাজের জন্য প্রাতিষ্ঠানিক শিক্ষা প্রয়োজন। কুরআন হাদিসের আলোকে যিনি হাতে কলমে দা'ওয়াতী কর্ম পদ্ধতি শিক্ষা লাভ করবেন তিনিই কেবল বাস্তব ময়দানে দা'ওয়াতী কাজ করে সফল হতে পারবেন।

## আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ে দা'ওয়াহ বিভাগ

পরিবর্তিত বিশ্ব পরিস্থিতিতে বিশ্ব দরবারে ইসলামের সুমহান তাওহীদের বাণী তুলে ধরতে হলে একজন দাঈ ইলাল্লাহর একদিকে যেমন কুরআন, সুন্নাহ, ফিকহ ও তুলনামূলক ধর্মতত্ত্বের ওপর গভীর অধ্যয়নের প্রয়োজন ঠিক একই সাথে দাঈ ইলাল্লাহকে সমসাময়িক বৈশ্বিক জ্ঞানার্জনের ওপর গুরুত্বারোপ করা অত্যাবশ্যক। সেই সাথে দা'ওয়াত প্রদানের যাবতীয় কলা-কৌশলের সুস্পষ্ট ধারণা না থাকলে সে দা'ওয়াহ ফলপ্রসূ হয় না। দা'ওয়াতের ক্ষেত্রে কখনো ডিবেট, কখনোবা উন্মুক্ত আলোচনা কিংবা একাডেমিক রাইটিং, ওয়াজ নাসিহাহ সবগুলোতে দাঈকে পারঙ্গম হওয়া ছাড়া নবী রাসুলদের রেখে যাওয়া এ গুরু দায়িত্ব যথাযথভাবে পালন করা অসম্ভব প্রায়। বোধের এই জায়গা থেকে প্রথিতযশা মুসলিম স্কলারগণ প্রাতিষ্ঠানিকভাবে অ্যাকাডেমিক দা'ওয়াহ অধ্যয়নের ব্যাপারটা গুরুত্বের সাথে বিবেচনা করার তাগিদ অনুভব করেন। বিশ্ব ওলামায়ে কেরামের প্রচেষ্টার অংশ হিসেবে মুসলিম বিশ্বের খ্যাতনামা বিশ্ববিদ্যালয়গুলোতে দা'ওয়াহ একটি নতুন ডিসিপ্লিন হিসেবে চালু করার মাধ্যমে ইসলামী জ্ঞান গবেষণায় নতুন মাত্রা যোগ হয়।

সৌদি আরবের মদিনা ইসলামী বিশ্ববিদ্যালয়, মক্কা উম্মুল কুরা বিশ্ববিদ্যালয়, মিসরের আল আজহার বিশ্ববিদ্যালয়, কাতার বিশ্ববিদ্যালয়, আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় মালয়েশিয়া, আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় ইসলামাবাদসহ বিশ্বের অসংখ্য নামী দামী বিশ্ববিদ্যালয়ে দা'ওয়াহ একটি স্বতন্ত্র ডিপার্টমেন্ট হিসেবে চালু আছে। আর এরই ধারাবাহিক অংশ হিসেবে বাংলাদেশে সর্বপ্রথম সরকারীভাবে

ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়ায় দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ নামে অনার্স কোর্স চালুর মধ্য দিয়ে দা'ওয়াহ ক্ষেত্রে উচ্চশিক্ষার দ্বার উন্মোচিত হয়। বাংলাদেশ সরকার ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে সিংহভাগ মাদরাসায় দা'ওয়াহর ওপর অনার্স কোর্স চালু করেছে যা বাংলাদেশে এ ডিসিপ্লিনের বিকাশ লাভে গুরুত্বপূর্ণ অগ্রগতি। এছাড়া ফাজিল পাস কোর্সেও দা'ওয়াহ একটি অতিরিক্ত সাবজেক্ট হিসেবে অন্তর্ভূক্তি-নিঃসন্দেহে এ সাবজেক্টের গুরুত্বের পরিচায়ক। আর বেসরকারি উদ্যোগে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম দা'ওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ বিশ্ববিদ্যালয়ের সূচনালগ্ন থেকেই অত্যন্ত সুনামের সাথে অনার্স ও মাস্টার্স এ দুটি কোর্স পরিচালনা করে আসছে। IIUC শরীয়াহ অনুষদের অধিভুক্ত দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ মূলত কুরআন, হাদিস, ফিকহ ও তুলনামূলক ধর্মতত্ত্বের সমন্বয়ে ইসলামিক স্টাডিজ ফিল্ডে একটি অত্যাধুনিক ডিপার্টমেন্ট। রাসুলে আকরাম (সঃ) এর রেখে যাওয়া দ্বীন ইসলামের সুমহান বানী বিশ্বের সব ধর্ম ও বর্ণের মানুষের সামনে তুলে ধরার লক্ষ্যে একজন অ্যাকাডেমিক বৈশ্বিক যোগ্যতাসম্পন্ন দাঈ তৈরি করাই এ সাবজেক্টের মূল লক্ষ্য-উদ্দেশ্য। এ ডিপার্টমেন্ট থেকে বহু শিক্ষার্থী অনার্স, মাস্টার্স ও পিএইচডি ডিগ্রি অর্জন করে নিজেদেরকে উম্মাহর খিদমতে আত্মনিয়োগ করেছেন।

## দা'ওয়াহ বিভাগের বৈশিষ্ট্য

- ইসলামী ও আধুনিক জ্ঞানের সমন্বয় সাধন।
- বিশ্বের খ্যাতনামা বিশ্ববিদ্যালয় সমূহের সিলেবাস ও শিক্ষা পদ্ধতির অনুসরণ।
- বিদেশে উচ্চশিক্ষা প্রাপ্ত দেশী ও বিদেশী অভিজ্ঞ শিক্ষকবৃন্দের আন্তরিকতাপূর্ণ তত্ত্বাবধান।
- আরবী ও ইংরেজী ভাষার মাধ্যমে শিক্ষা প্রদান।
- শিক্ষা সহায়ক কার্যক্রমের মাধ্যমে ছাত্র/ছাত্রীদের সুপ্ত প্রতিভা বিকাশের সুযোগ।
- শিক্ষার্থীদের প্রতিভা বিকাশের জন্য জার্নাল, ম্যাগাজিন ও দেয়াল পত্রিকা ইত্যাদি প্রকাশের ব্যবস্থা।

## দা'ওয়াহ বিভাগের সুযোগ-সুবিধাসমূহ

- কুরআনের হাফেজ, দাখিল ও আলিমে জিপিএ-৫ ও দা'ওরায়ে হাদিসে মুমতাজপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের জন্য মাসিক স্কলারশিপ।
- দরিদ্র ছাত্র-ছাত্রীদের জন্য সেমিস্টারভিত্তিক আর্থিক সহযোগিতা।
- আবাসিক হল, সমৃদ্ধ গ্রন্থাগার, ফ্রি ইন্টারনেটসহ কম্পিউটার ল্যাবের ব্যবস্থা।
- ছাত্রীদের জন্য আলাদা ক্লাস ও নিরাপদ আবাসনের সুব্যবস্থা।
- সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যে মাস্টার্স/পিএইচডি করার বিশেষ সুযোগ।
- প্রজেক্টর, স্মার্ট মনিটর ও নিজস্ব স্টুডিওতে আরবী ভাষা ও মিডিয়া বিষয়ক কোর্সের প্র্যাকটিক্যাল প্রশিক্ষণ।

## দা'ওয়াহ বিভাগের কোর্স রিভিউ

একটি ডিপার্টমেন্টের মান নির্ধারিত হয় কোর্স কারিকুলামের মাধ্যমে। একজন সচেতন শিক্ষার্থী কোর্স কারিকুলাম সম্পর্কে সম্যক ধারণার ভিত্তিতেই তার পড়াশোনার নিজস্ব ফিল্ড বেছে নেয়। দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগ বিশ্বের খ্যাতনামা বিশ্ববিদ্যালয়গুলোর সিলেবাসের আলোকে যুগের চাহিদার ভিত্তিতে একদল যোগ্যতাসম্পন্ন দাঈ ইলাল্লাহ তৈরির অভিপ্রায়ে প্রণয়ন করেছে চমৎকার কোর্স কারিকুলাম; যা একজন শিক্ষার্থীকে যোগ্য করে গড়ে তোলার পেছনে মুখ্য ভূমিকা পালন করে।

চার বছর মেয়াদী আন্ডারগ্রাজুয়েট প্রোগ্রামে দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগ মোট ৫৪ টি কোর্স অফার করে থাকে; যেখানে শরীয়াহ বিজ্ঞানের সাথে জ্ঞানের অন্যান্য শাখার চমৎকার সমন্বয় সাধন করা হয়েছে। চার বছরের মধ্যে মোট ২ বছর ইসলামের ওপর বেসিক কোর্সগুলো করানো হয়। বেসিক শরীয়াহ কোর্সগুলো যেমনঃ উলুমুল কুরআন, উলুমুল হাদিস, মুসলিম বিশ্ব অধ্যয়ন, তুলনামূলক ধর্মতত্ত্ব, ফিকহুল ইবাদাত, ফিকহুল মুআ'মালাত, উসুলুল ফিকহ, ইলমুল মিরাস, ইংরেজি, আরবি সাহিত্য, কম্পিউটার স্টাডিজসহ বিভিন্ন কোর্স।

পরবর্তী ২ বছরের পুরো সময়জুড়ে পড়ানো হয় দা'ওয়াহ রিলেটেড মেজর কোর্সগুলো। এ কোর্সগুলোই মূলত এ ডিপার্টমেন্টের স্বতন্ত্র বৈশিষ্ট্য পরিস্ফুটিত করে। নিম্নে কিছু দা'ওয়াহ মেজর কোর্সের ওপর যৎসামান্য আলোকপাত করা হলোঃ

**1. History of Islamic Call and Callers** (تاريخ الدعوة والدعاة):

কোর্সটিকে দা'ওয়াহ ডিপার্টমেন্টের প্রাণ বলা যায়। কেননা এতে দা'ওয়াহ সম্পর্কে সংক্ষেপে অথচ তথ্যবহুল নানাবিধ বিষয় নিখুঁতভাবে তুলে ধরার প্রয়াস দেখা যায়। দা'ওয়াহর সংজ্ঞা, ইতিহাস থেকে শুরু করে নবী রাসুল, সাহাবী, তাবেয়ীদের দা'ওয়াতের মানহাজ সংক্ষিপ্ত কলেবরে তুলে ধরা হয়েছে উক্ত কোর্সে। দা'ওয়াতী কাজে একজন দাঈ ইলাল্লাহর দা'ওয়াতী মাধ্যম ও পদ্ধতি সম্পর্কে একটি স্বচ্ছ ধারণা থাকা অপরিহার্য বিষয়; যা এ কোর্সের মাধ্যমে একজন শিক্ষানবিস দাঈ ইলাল্লাহ অর্জন করতে সক্ষম হন। সর্বোপরি তিনি কেবলমাত্র মানুষদের আল্লাহর পথে আহবানই করবেন না বরং যাদেরকে আহবান করছেন তাদের মনোরোগ নির্ণয়ে একজন চিকিৎসকের ভূমিকা পালন করবেন। কোন অবস্থায় তাদের ওপর কোন মেডিসিন প্রয়োগ করতে হবে কিংবা তাদের সাথে কেমন আচরণ করতে হবে এ সকল বিষয়ে হাতে কলমে দাঈদের যোগ্য হিসেবে গড়ে তুলতে এই কোর্সটি মূল নিয়ামক শক্তি সন্দেহ নাই।

**2. Call and Information Media** (الدعوة ووسائل الإعلام):

তথ্য প্রযুক্তি কিংবা মিডিয়া আমাদের জীবনের অপরিহার্য অংশ হয়ে দাঁড়িয়েছে। আজকের প্রজন্ম তাদের জীবনের একটি বড় অংশ কাটিয়ে দিচ্ছে সামাজিক যোগাযোগ মাধ্যমে। মিডিয়ার অশ্লীলতার কালো থাবায় জর্জরিত আমাদের তরুণ-তরুণীরা। নিত্যই তাদের নৈতিকতার ভিত্তি দুর্বল হতে চলেছে। ক্ষয়িষ্ণু এ সমাজকে নিশ্চিত অধঃপতন থেকে বাঁচাতে হলে দা'ওয়াহ কাজে মিডিয়ার ব্যবহার বিজ্ঞানের উৎকর্ষতার এ যুগে অনেক বেশি প্রাসঙ্গিক। তাই শুরু থেকেই দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ ডিপার্টমেন্ট Call and Information Media নামক কোর্সটি ছাত্র/ছাত্রীদের অফার করে থাকে। এ কোর্সে মোটা দাগে ইলেকট্রনিক, প্রিন্ট ও সোস্যাল মিডিয়ায় দা'ওয়াহ উপস্থাপন পদ্ধতি ও কলাকৌশল নিয়ে একাডেমিক নির্মোহ আলোচনা করা হয়। সেই সাথে মিডিয়া সংশ্লিষ্ট একজন দাঈর যে স্কিলগুলো থাকা প্রয়োজন যেমন: টকশো, ডিবেট, টিভি ও রেডিও প্রোগ্রাম উপস্থাপন, গল্প, প্রবন্ধ লিখন কৌশল বিষয়ে শিক্ষার্থীকে সম্যক ধারণা দেওয়া হয় এ কোর্সে।

**3. Comparative Religion** (مقارنة الأديان):

ইসলামের সৌন্দর্য্য অমুসলিম ভাই বোনদের মাঝে তুলে ধরতে হলে একজন দাঈ ইলাল্লাহর জন্য কেবল মাত্র ইসলাম সম্পর্কিত জ্ঞানই যথেষ্ট নয় বরং ইসলাম সম্পর্কে গভীর জ্ঞানের পাশাপাশি অন্যান্য ধর্ম সম্পর্কেও জানা আবশ্যক। আর দাঈকে সে ভাবেই গড়ে তোলার লক্ষ্যে দা'ওয়াহ ডিপার্টমেন্ট তুলনামূলক ধর্মতত্ত্বের ওপর এই কোর্সটি অনার্স ও মাস্টার্স দুই প্রোগ্রামেই পড়ানো হয়। এ কোর্সের মাধ্যমে শিক্ষার্থীরা ইসলামের পাশাপাশি হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান, ইয়াহুদী, শিখ ধর্মসহ অন্যান্য ধর্মের বিষয়ে মৌলিক জ্ঞান লাভ করতে পারে। ফলে সহজেই ইসলাম ও অন্যান্য ধর্মের মধ্যকার মানুষের পার্থক্যের জায়গা তুলে ধরে ছাত্র ছাত্রীরা ইসলামের শ্রেষ্ঠত্ব প্রমাণে স্বক্ষম হয়।

**4. Orientalism and Intellectual War** (الاستشراق والغزو الفكري):

আধুনিক এ সময়ে মাঠের যুদ্ধের চেয়ে বুদ্ধিবৃত্তিক যুদ্ধ অনেক বেশী টেকসই ও কার্যকরী। তাই খ্রিস্টানরা মুসলিম উম্মাহর বিরুদ্ধে সামরিক আক্রমণ বাদ দিয়ে বুদ্ধিবৃত্তিক আক্রমণকে প্রাধান্য দিচ্ছে অনেক আগ থেকেই। তাদের লক্ষ্য ও উদ্দেশ্য পূরণে শুরু করে প্রাচ্য বিষয়ক অধ্যয়ন। আর এ অধ্যয়নের টার্গেট পয়েন্ট হলো ইসলাম। কীভাবে কোন ছিদ্র দিয়ে ইসলামের ওপর আঘাত হানা যায় তার অন্বেষায় অনেক ওরিয়েন্টালিস্ট তাদের সমুদয় জীবন পার করে দিয়েছে। দেখা যায়, কুরআন-হাদিস অধ্যয়ন ও গবেষণার নাম করে তারা ইসলামকে বিকৃত রূপে মানুষের সামনে তুলে ধরছে। কুরআন, আল্লাহ ও তার রাসুল (সঃ) সম্পর্কে নানা ধরনের সন্দেহ সংশয়ের বিষবাষ্প সমাজে ছড়িয়ে দিয়ে মানুষকে ঈমান হারা করার চক্রান্তে লিপ্ত তারা। তাদের এসব ষড়যন্ত্র মোকাবেলায় ওরিয়েন্টালিজম অধ্যয়নের বিকল্প নাই। দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগ অনার্স ও মাস্টার্স প্রোগ্রামে অত্যন্ত গুরুত্ব সহকারে এই কোর্সটি পড়িয়ে থাকে। এ কোর্সের মাধ্যমে প্রাচ্য বিদ্যার সংজ্ঞা, ইতিহাস, উদ্দেশ্য, প্রাচ্যবিদদের কর্মপদ্ধতি ও কর্মকৌশল, তাদের প্রকাশনা ইত্যাদি বিষয়ে স্ববিস্তারে জানা যায়, যা একজন দাঈর দা'ওয়াহ কাজের গুরুত্বপূর্ণ রসদ।

**5. Studies on Sects** (دراسات في الفرق):

এ কোর্সটি ইসলামের নামে যত ফেরকা আছে সেগুলোকে কেন্দ্র করে। এখানে মোটাদাগে আক্বিদাগত ফিরকাগুলো যেমনঃ শিয়া, মু'তাজিলা, খাওয়ারিজ, কাদরিয়াহ, জাবরিয়াহ ইত্যাদি ফিরকার আক্বিদাগত দিকগুলো অগ্রাধিকার ভিত্তিতেই আলোচনা করা হয়। সেই সাথে আহলুস সুন্নাহ ওয়াল জামায়াতের সাথে এ সকল ফিরকার পার্থক্যের জায়গাগুলোকেও চিহ্নিত করা হয় এ কোর্স অধ্যয়নের মধ্য দিয়ে। সচেতন মুসলিম মাত্রই এ বিষয়ে প্রাইমারী ধারণা রাখা প্রয়োজন। আর দাঈদের জন্য এটি অবশ্য পাঠ্য একটি কোর্স।

**6. Characteristics of Caller** (صفات الداعية):

সফল ও কার্যকর দা'ওয়াহ নির্ভর করে একজন দাঈ কতটা যোগ্য কিংবা কতটা চৌকস। দাঈদের যোগ্যতা ও দক্ষতার মানদন্ডে উত্তীর্ণ হওয়া না হওয়ার ওপর দা'ওয়াহর সফলতা অনেকাংশেই নির্ভর করে। অতএব সবার আগে আমাদের জন্য জরুরী হয়ে দাঁড়ায় দাঈর কী সেই গুণাবলী বা বৈশিষ্ট্য যা সফলতা কিংবা ব্যর্থতার মাপকাঠি; সেগুলো সম্পর্কে ওয়াকিবহাল হওয়া। Characteristics of Caller এই কোর্সটি অধ্যয়নের মাধ্যমে আমাদের উপরোক্ত প্রশ্নের উত্তর মিলবে ইনশাআল্লাহ।

**7. Discretion on the Contemporary Issues** (الاجتهاد في القضايا المعاصرة):

ইসলামে মরণোত্তর দেহ দান, কিডনি প্রদান কিংবা টেস্ট টিউব বেবি বিষয়ে ইসলাম কী বলে? এরকম অসংখ্য নিত্য নতুন বহু বিষয়ের প্রতিনিয়ত মুখোমুখি হই আমরা। আমাদের পূর্বসুরী স্কলারগণ তাদের সময়ে যেহেতু এরকম কোন বিষয়ের মুখোমুখি হননি তাই এ বিষয়গুলোতে অনেক ক্ষেত্রে ইজতেহাদ পাওয়া যায় না। অনিবার্যভাবেই এসব যুগ জিজ্ঞাসার জবাব কুরআন ও সুন্নাহর আলোকে অধ্যয়ন করা সময়ের অপরিহার্য বাস্তবতা। এসব বাস্তবতা সামনে রেখে গবেষণামূলক ৩ ক্রেডিটের গুরুত্বপূর্ণ এ কোর্স দা'ওয়াহ ডিপার্টমেন্ট অফার করছে। বিষয়টি সকল আলেম ওলামার বিশেষত একজন দাঈ ইলাল্লাহর নখদর্পনে থাকা অনেক বেশি প্রাসঙ্গিক।

**8. Dealings with the Opponent of Islamic Call** (التعامل مع مخالفي الدعوة):

আজকাল একটা রোগ মুসলিম উম্মাহকে তিলে তিলে শেষ করে দিচ্ছে। তাহলো প্রান্তিকতা ও গোঁড়ামী। এর স্বরূপ অনেকাংশেই এরকমঃ 'ও এতো বেদয়াতী ওর সাথে আমার কী সম্পর্ক! ওর কাছ থেকে ১০০ হাত দূরে থাকতে হবে। ও ইসলাম থেকে খারিজ, ওর সাথে কথা বলা যাবে না। ও বেটা যাতে কোনভাবেই আমাদের মসজিদে নামাযে না আসে' এ হলো আমাদের মুসলিম সমাজের হালহাকিকত। কেউ কারো মতের কিংবা দলের বাইরের কিংবা অন্য আদর্শের হলেই কাফির, ফাসিক ইত্যাদি ট্যাগ লাগিয়ে দেওয়া হচ্ছে হররোজ। এর ফলে প্রকৃত অর্থে কোন দল বা ব্যক্তির মাঝে যদি ইসলাম বিরোধী কিছু থাকে তা সহজে সংশোধনের কোন পথ আর খোলা থাকে না। এই পরিস্থিতিতে মুসলিম উম্মাহর ঐক্যের চেতনাকে যারা ধারণ করেন তাদের কী করণীয়? কোনো বিদয়াতী কাজ কারো দ্বারা সংঘটিত হলে সংশোধনের পথে আনবেন কীভাবে কিংবা কোনো দল যদি সুস্পষ্টতই ইসলামের বিরুদ্ধচারী হয় তাহলে করণীয় কী? সে দল কিংবা ব্যক্তিকে কি শারীরিক, মানসিকভাবে আঘাত করবেন? না কোন ভাবেই না। তাহলে কী করতে হবে সংশোধনের জন্য। অন্যকে সংশোধন ও বিরোধী মতের লোকদের সাথে আচার-ব্যবহার পদ্ধতি জানতে উল্লেখিত কোর্সটি পড়ার বিকল্প নেই।

## দা'ওয়াহ বিভাগের প্রোগ্রাম সমূহ

- বি.এ (অনার্স) ইন দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ।
- মাস্টার্স ইন দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ।

## দা'ওয়াহ বিভাগে ভর্তির যোগ্যতা

দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগে বি.এ (অনার্স) প্রোগ্রামে ভর্তির জন্য দাখিল/সমমান ও আলিম/সমমান পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ২.৫ হতে হবে এবং সম্মিলিতভাবে ন্যূনতম ৬ পয়েন্ট হতে হবে। কওমী মাদরাসার দা'ওরায়ে হাদিস ডিগ্রীপ্রাপ্ত শিক্ষার্থীরাও অনার্স প্রোগ্রামে ভর্তি হতে পারবে।

## ভর্তি পরীক্ষা

প্রতি বছর ২ সেমিস্টারে ছাত্র/ছাত্রী ভর্তি করা হয়।

- স্প্রিং সেমিস্টার (মার্চ - আগস্ট)।
- অটাম সেমিস্টার (সেপ্টেম্বর - ফেব্রুয়ারী)।

## ভর্তি পরীক্ষার নম্বর বিন্যাস

আরবী-৬০, ইংরেজি-২৫, সাধারণ জ্ঞান-১৫, দাখিল/আলিম রেজাল্ট-১০, ভাইভা-১০ = মোট ১২০ মার্কস।

## ফি সমূহ

| | | |
|---|---|---|
| ভর্তি ফি (এককালীন) | | ৫,০০০/- |
| সেমিস্টার ফি | (৩,৫০০ × ৮ সেমিস্টার) | ২৮,০০০/- |
| স্ট্যাবলিশমেন্ট ফি | (৪,০০০ × ৮ সেমিস্টার) | ৩২,০০০/- |
| পরীক্ষা ফি | (৫০ × ১৩০ Credit Hour) | ৬,৫০০/- |
| ওরিয়েন্টেশন ফি | | ২,০০০/- |
| লাইব্রেরী ফি | | ১,০০০/- |
| | | **সর্বমোট - ৭৪,৫০০/-** |

ভর্তিকালীন সর্বমোট প্রদেয় : ১৬,৫০০/-

## ভর্তি পরীক্ষার জন্য অনলাইনে আবেদন প্রক্রিয়া

প্রথমে এই লিংকে প্রবেশ করুন: https://www.iiuc.ac.bd/home/apply-online এরপর প্রথমে বিভাগ চয়েজ হিসেবে : B.A Hons in Dawah & Islamic Studies সিলেক্ট করুন। এরপর সেমিস্টার সিলেক্ট করুন। এরপর জেন্ডার সিলেক্ট করুন। এরপর ফরমে উল্লেখিত সকল তথ্য সঠিকভাবে এন্ট্রি করুন।

### ফরমটির নিচের অংশে তিনটি গুরুত্বপূর্ণ কাজ করতে হবে

ক. পাসপোর্ট সাইজ ছবি আপলোড করা।

খ. নিজের স্বাক্ষর আপলোড করা।

গ. বিকাশ/ব্যাংক ট্রানজেকশন নাম্বার এন্ট্রি করা।

### আবেদনের টাকা বিকাশ করার পদ্ধতি

প্রথমে (বিকাশ) মোবাইলে *২৪৭# চাপুন এরপর ৩ চাপুন এরপর ০১৯৭৩-২০৩০৯০ টাইপ করুন এরপর ৫২০ টাকা টাইপ করুন এরপর রেফারেন্স নম্বর ১ টাইপ করুন এরপর কাউন্টার নম্বর ১ সেন্ড করুন। এরপর আপনার মোবাইলে আসা ট্রানজেকশন নম্বরটি ফরমের নির্দিষ্ট স্থানে টাইপ করুন।

## আইআইইউসি স্কলারশীপ

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম শিক্ষার্থীদের মাঝে প্রতি বছর প্রায় দুই কোটি টাকার স্কলারশীপ বিতরণ করে থাকে। সেমিস্টার ফাইনাল পরীক্ষায় সেরা রেজাল্টধারী শিক্ষার্থীরা এই স্কলারশীপ পেয়ে থাকেন। দা'ওয়াহ বিভাগের শিক্ষার্থীদের বিশাল অংশ ভালো ফলাফলের ভিত্তিতে প্রতি সেমিস্টারে আইআইইউসি স্কলারশীপ পেয়ে থাকেন। মেধাবী ছাত্ররা আইআইইউসি স্কলারশীপের পাশাপাশি বিভাগীয় স্কলারশীপ পেলে পুরো অনার্স প্রোগ্রাম বিনা খরচেই পড়াশুনা চালিয়ে নেওয়ার সুযোগ রয়েছে।

## বিদেশে উচ্চ শিক্ষার সুযোগ

এ বিশ্ববিদ্যালয়ের সাথে বিশ্বের খ্যাতনামা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। বর্তমানে DIS বিভাগের বহু ছাত্র তুরস্ক, অস্ট্রেলিয়া, মালয়েশিয়া, ইংল্যান্ড, লিবিয়া, সৌদি আরব ও মিশরসহ আরব বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অত্যন্ত সুনামের সাথে অধ্যয়ন করছে।

## সম্ভাব্য কর্মক্ষেত্র

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম University Grants Comission (UGC) কর্তৃক স্বীকৃত বাংলাদেশের সেরা বিশ্ববিদ্যালয় সমূহের একটি। তাই এ বিশ্ববিদ্যালয় থেকে পাশ করা শিক্ষার্থীরা অন্যান্য বিশ্ববিদ্যালয়ের মত কর্মক্ষেত্রে সমান সুযোগ সুবিধা পেয়ে থাকেন। ইতোমধ্যে দেশ-বিদেশে ও আন্তর্জাতিক ক্ষেত্রে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে IIUC'র ছাত্ররা সুনামের সাথে দায়িত্ব পালন করছেন। এই ধারাবাহিকতায় দা'ওয়াহ বিভাগের ছাত্ররাও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন।

- এ বিভাগ থেকে পাশ করা অনেকেই বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করছেন।
- বিভিন্ন কলেজ, মাদ্রাসায় ইসলামিক স্টাডিজ ও আরবী বিভাগে অনেকেই শিক্ষকতা করছেন।
- দেশ-বিদেশে বিভিন্ন দূতাবাস, আন্তর্জাতিক সংস্থা ও বহুজাতিক কোম্পানিতে কর্মরত আছেন।
- এছাড়া দা'ওয়াহ বিভাগের অনার্স কিংবা মাস্টার্স ডিগ্রীধারীরা চাকুরীর জন্য বাংলাদেশের সরকারী/বেসরকারী যে কোন প্রতিযোগিতামূলক পরীক্ষায় (যেমন- বিসিএস, ব্যাংক ইত্যাদি) অংশগ্রহণ করতে পারবে।

## ছাত্রীদের জন্য স্বতন্ত্র ক্যাম্পাসে উচ্চতর ইসলামী শিক্ষার আকর্ষণীয় সুযোগ

সমাজের অর্ধেক মহিলা। সুতরাং এ বিশাল জনগোষ্ঠীকে বাদ দিয়ে একটি আদর্শ সমাজ বিনির্মাণ কখনোই সম্ভবপর নয়। তাই সে কাঙ্খিত সমাজ গঠনে চাই নৈতিক ও আধুনিক শিক্ষার সমন্বয়ে গঠিত শিক্ষা ব্যবস্থায় শিক্ষিত একদল বিশেষজ্ঞ মহিলা "দাঈ ইলাল্লাহ"। আর ঐসব যোগ্য আদর্শ নাগরিক গড়ার মানসেই আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগে "মহিলা শাখা" খোলা হয়েছে। ইসলামী শরীয়াহ ও নৈতিক মূল্যবোধের প্রতি বিশেষ দৃষ্টি রেখে ছাত্রীদের জন্য নিরিবিলি, কোলাহলমুক্ত ও নিরাপত্তাপূর্ণ হোস্টেলে অবস্থান করে সম্পূর্ণ পৃথক ও নিরাপদ ক্যাম্পাসে লেখাপড়ার ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে। ছাত্রীদের জন্য বিশেষ বৃত্তির ব্যবস্থাও রয়েছে।



*মাসিক স্কলারশীপ গ্রহণ করছেন মেধাবী শিক্ষার্থী হাদিকাতুল কুবরা*

## কওমী মাদ্‌রাসা ছাত্রদের জন্য সুবর্ণ সুযোগ

কওমী মাদ্‌রাসার অনেক মেধাবী শিক্ষার্থীর স্বপ্ন থাকে বিশ্ববিদ্যালয়ে অনার্স, মাস্টার্স ও পিএইচডি ডিগ্রি অর্জন করার। অনেকেই স্বপ্ন দেখেন, বৈশ্বিক অঙ্গনে অবদান রাখতে। কিন্তু বর্তমান সময়ের শিক্ষা ব্যবস্থায় কওমী ছাত্রদের সুযোগ প্রায় নেই। এর ফলে অনেক কওমী ফারেগীনদের স্বপ্নের অকাল মৃত্যু ঘটে। দেশ-বিদেশে মাস্টার্স পিএইচডি করার স্বপ্ন স্বপ্নই থেকে যায়।

তবে আশার কথা হলো, আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ের দা'ওয়াহ বিভাগ কওমী ছাত্রদের স্বপ্নের দুয়ার খুলে দিয়েছে। যেকোনো কওমী মাদরাসা থেকে দা'ওরাহ পাশ করা ছাত্র-ছাত্রীরা দা'ওয়াহ বিভাগে চার বছর মেয়াদী বি.এ অনার্স প্রোগ্রামে ভর্তি হতে পারবে। বি.এ অনার্স সম্পন্ন করে তারা দেশ-বিদেশে মাস্টার্স/পিএইচডি প্রোগ্রামে ভর্তি হতে পারবে। উল্লেখ্য যে, কওমী মাদ্‌রাসার অনেক ছাত্রই দা'ওয়াহ বিভাগ থেকে অনার্স সম্পন্ন করে সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে মাস্টার্স পিএইচডি সম্পন্ন করেছে।

## দা'ওয়াহ বিভাগের বিদেশী শিক্ষার্থী

দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগ কোর্স কারিকুলাম ও পাঠদান নিশ্চিত করার মাধ্যমে বিদেশী ছাত্র-ছাত্রীদের আকৃষ্ট করতে সক্ষম হয়েছে। চায়না, সোমালিয়া, নেপাল, শ্রীলঙ্কা প্রভৃতি দেশের ছাত্র-ছাত্রীরা এ বিভাগে পড়ালেখা করতে আসে।

## ভর্তির জন্য যোগাযোগ

চেয়ারম্যান: ০১৭৪৮-৮০৬৪৯২ বিস্তারিত জানতে ভিজিট করুন: https://www.iiuc.ac.bd/dis

# দা'ওয়াহ বিভাগের শিক্ষকবৃন্দ

চেয়ারম্যান: *ড. মুহাম্মদ আমিনুল হক*
বি.এ অনার্স, এম.এ (ফার্স্ট ক্লাস ফার্স্ট)
পিএইচডি, কিং আব্দুল আজিজ ইউনিভার্সিটি জেদ্দা, সৌদি আরব।
মোবাইল: ০১৭৪৮-৮০৬৪৯২, ইমেইল: aminulhoque.iiuc@gmail.com

অধ্যাপক: *ড. আবু রেজা মুহাম্মদ নিজামুদ্দিন নদভী (এম.পি)*
ফাদিলাহ (নাদওয়াতুল উলামা, লক্ষ্ণৌ), এম.এ (ঢা.বি), পিএইচডি (লক্ষ্ণৌ, ভারত)
মোবাইল: ০১৭১৩-১২০২২০, ইমেইল: arnadwibd@yahoo.com

*ড. মোহাম্মদ শাফি উদ্দীন মাদানী*
বি.এ (অনার্স) মদিনা, এম.এ (দা.ই.বি), পিএইচডি (ই.বি)
মোবাইল: ০১৬৩৫২১৬২৩৫, ইমেইল: shafimadani@yahoo.com

*ড. এম. শাকের আলম শওক্ব*
বি.এ (অনার্স, ১ম শ্রেণিতে ১ম), হায়ার ডিপ্লোমা (আরবি, ১ম শ্রেণিতে ১ম) (লিবিয়া)
এম.এ (দা.ই.বি), এম.ফিল (ই.বি), পিএইচডি (ই.বি)
মোবাইল: ০১৫৫৪-৩২০২৭৪, ইমেইল: sshakeralam@yahoo.com

সহযোগী অধ্যাপক: *ড. মুহাম্মদ আমিনুল হক*
বি.এ অনার্স, এম.এ (ফার্স্ট ক্লাস ফার্স্ট)
পিএইচডি, কিং আব্দুল আজিজ ইউনিভার্সিটি জেদ্দা, সৌদি আরব।
মোবাইল: ০১৭৪৮-৮০৬৪৯২, ইমেইল: aminulhoque.iiuc@gmail.com

সহকারী অধ্যাপক: *জনাব মোহাম্মদ শাহ জালাল মাদানী*
এম.এম (১ম শ্রেণিতে ১ম), বি.এ (অনার্স) মদিনা
এম.এ (১ম শ্রেণিতে ১ম), (দা.ই.বি), এম.ফিল গবেষক (ই.বি)
মোবাইল: ০১৮১৫-৬১০৪১০, ইমেইল: jalaldis@gmail.com

*জনাব আ.ফ.ম নূরুজ্জামান*
বি.এ (অনার্স), এম.এ (আই.আই.ইউ.সি)
মোবাইল: ০১৬৭০-৪৫০৭৫৭, ইমেইল: afmnur_dis@yahoo.co.uk

প্রভাষক: *মিসেস জাকিয়া বিনতে আলম হান্না*
বি.এ (অনার্স) (স্বর্ণপদক প্রাপ্ত), এম.এ (স্বর্ণপদক প্রাপ্ত), (আই.আই.ইউ.সি)
মোবাইল: ০১৮৫৯-৮২৬৬৬৫, ইমেইল: dis_fc@yahoo.com

খন্ডকালীন প্রভাষক: *জনাব মুহাম্মদ শোয়াইব মাক্কী*
বি.এ (অনার্স) (১ম শ্রেণিতে ১ম)
এম.এ (১ম শ্রেণিতে ১ম), পিএইচডি (গবেষণারত), উম্মুল কুরা ইউনিভার্সিটি, সৌদি আরব
মোবাইল: ০১৭৭১-০৮১৩৮৭, ইমেইল: shoaibmakkah@gmail.com

*জনাব সাইয়্যেদ মাহমুদুল হাসান*
বি.এ (অনার্স) (১ম শ্রেণি), এম.এ (১ম শ্রেণি)
পিএইচডি (গবেষণারত), আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়, মালয়েশিয়া
মোবাইল: ০১৬২৯-৬০২৩১৫, ইমেইল: syedhasan_iium@yahoo.com


*মিসেস উম্মে সায়মা তাজকিয়া*
বি.এ (অনার্স) (স্বর্ণপদক প্রাপ্ত), এম.এ (স্বর্ণপদক প্রাপ্ত), (আই.আই.ইউ.সি)
মোবাইল: ০১৮১৪-৩৬৪০২২, ইমেইল: rtajkia@yahoo.com

## দা'ওয়াহ বিভাগের চেয়ারম্যানবৃন্দ

দা'ওয়াহ বিভাগের প্রতিষ্ঠাকাল থেকে যারা বিভাগীয় চেয়ারম্যানের দায়িত্ব পালন করেছেন তারা সকলেই ছিলেন স্বমহিমায় উদ্ভাসিত একঝাক উজ্জল নক্ষত্র। তাঁদের গতিশীল নেতৃত্বে দা'ওয়াহ বিভাগ ক্রমাগতভাবে এগিয়ে গেছে সামনের দিকে। নিচে দা'ওয়াহ বিভাগের চেয়ারম্যানদের তালিকা দেয়া হলো:



প্রফেসর ড. গিয়াস উদ্দীন হাফিজ
০১.০৯.১৯৯৮-২৬.০৯.২০০০



ড. আব্দুস সালাম আজাদী
২৭.০৯.২০০০-১৭.১১.২০০১



ড. আ.ন.ম কুতুবুল ইসলাম নোমানী
১৮.১১.২০০১-০১.০১.২০০৩



ড. আব্দুল্লাহ ফারুক
০২.০১.২০০৩-১৫.০২.২০০৬



প্রফেসর ড. শাকের আলম শওক্ব
১৬.০২.২০০৬-৩১.১২.২০০৯



জনাব মোহাঃ শাহ জালাল মাদানী
০১.০১.২০১০-০৩.০৩.২০১৩



ড. মুহাঃ আবুল কালাম
০৪.০৩.২০১৩-২৯.০২.২০১৬



প্রফেসর ড. শাফি উদ্দীন মাদানী
০১.০৩.২০১৬-৩০.০৯.২০১৮




ড. মুহাম্মদ আমিনুল হক
০১.১০.২০১৮ -

# দা'ওয়াহ বিভাগের অন্যান্য কার্যক্রম

দা'ওয়াহ বিভাগ শুধু অ্যাকাডেমিক কার্যক্রমই পরিচালনা করে না; সামাজিক, সাংস্কৃতিক, সৃজনশীল ও সেবামূলক বিভিন্ন কার্যক্রমও পরিচালনা করে থাকে। এইসব কার্যক্রম দা'ওয়াহ বিভাগকে অন্য বিভাগ থেকে আলাদা করে অনন্য উচ্চতায় পৌঁছে দিয়েছে। যেমন-

## ১. দা'ওয়াহ মাসিক স্কলারশীপ স্কিম

দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগ মেধাবী ছাত্র/ছাত্রীদের জন্য নতুন মেধা বৃত্তি চালু করেছে। এই মেধা বৃত্তির নাম হচ্ছে- "দা'ওয়াহ মাসিক স্কলারশীপ"। এই স্কিমটি দা'ওয়াহ ওয়েলফেয়ার ফান্ডের তত্ত্বাবধানে নভেম্বর-২০১৮ থেকে চালু হয়েছে। এই স্কিমের আওতায় প্রতিমাসে ২৫ থেকে ৩০ হাজার টাকার বৃত্তি দাওয়াহ বিভাগের মেধাবী ছাত্র/ছাত্রীদের প্রদান করা হয়।



*মাসিক স্কলারশীপ গ্রহণ করছেন মেধাবী শিক্ষার্থী আকিব*

### ◆ মাসিক স্কলারশীপ কারা পাচ্ছেন

কয়েকটি ক্যাটাগরিতে দা'ওয়াহ বিভাগের শিক্ষার্থীরা মাসিক স্কলারশীপ পেয়ে থাকেন। ক্যাটাগরিগুলো হচ্ছে:

**• প্রথম ক্যাটাগরি**

দা'ওয়াহ বিভাগে প্রতি সেমিস্টারে ভর্তি হওয়া নতুন ছাত্র যাদের:

(ক) দাখিল ও আলিমে অথবা যেকোনো একটিতে জিপিএ-৫ আছে।

(খ) যারা কওমী মাদরাসার দা'ওরাহ হাদিসে মুমতাজ অথবা জাইয়েদ জিদ্দান পেয়েছেন।

(গ) যারা কুরআনের হাফেজ।

**• দ্বিতীয় ক্যাটাগরি**

যারা দা'ওয়াহ বিভাগে দ্বিতীয় সেমিস্টার থেকে অষ্টম সেমিস্টারে বর্তমানে অধ্যয়ন করছেন এবং তারা সেমিস্টার ফাইনাল পরীক্ষায় জিপিএ-০৪ এর মধ্যে জিপিএ-৩.৫০ থেকে জিপিএ-৪.০০ অর্জন করেছেন।

এই দুই ক্যাটাগরির মধ্যে যাদের দাখিল ও আলিমে জিপিএ-৫ অথবা কওমী মাদরাসার দাওরায় হাদিসে মুমতাজ অথবা সেমিস্টার ফাইনাল পরীক্ষায় জিপিএ-৪ রেজাল্ট অর্জন করেছেন তাদেরকে মাসিক ১০০০ টাকা হারে স্কলারশীপ প্রদান করা হচ্ছে।

আর যারা দাখিল ও আলিমের যেকোনো একটিতে জিপিএ-৫ অথবা দা'ওরায় হাদিসে জাইয়েদ জিদ্দান অথবা শুধু কুরআনের হাফেজ তাদেরকে মাসিক ৫০০ টাকা হারে স্কলারশিপ দেয়া হচ্ছে।

**• বিশেষ ক্যাটাগরি**

এই ক্যাটাগরিতে বিদেশী ছাত্র যারা স্কলারশীপ ছাড়া দা'ওয়াহ বিভাগে ভর্তি হয়েছেন এবং বিভাগীয় স্কলারশীপ কমিটি কর্তৃক সুপারিশকৃত মেধাবী দরিদ্র শিক্ষার্থীরা মাসিক ১০০০/৫০০ টাকা হারে মাসিক স্কলারশীপ পাচ্ছেন।

## ২. দা'ওয়াহ দরিদ্র শিক্ষার্থী সহায়তা

এই স্কিমের আওতায় প্রত্যেক সেমিস্টারে দরিদ্র ছাত্র/ছাত্রীদের বিভিন্ন ধরনের আর্থিক সহায়তা প্রদান করা হয়। উক্ত স্কিমের আওতায় প্রতি সেমিস্টারে প্রায় এক লক্ষ টাকা দরিদ্র শিক্ষাথীদের প্রদান করা হয়।

## ৩. দা'ওয়াহ মেধাবী দরিদ্র শিক্ষার্থী ভর্তি সহায়তা

এই স্কিমের আওতায় বছরে দুইবার যথাক্রমে অটাম ও স্প্রিং সেমিস্টারে দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের মধ্যে যারা অর্থের অভাবে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে অক্ষম তাদেরকে বিভিন্ন ধরনের আর্থিক সহায়তা প্রদান করা হয়। অনেক মেধাবী ছাত্র/ছাত্রী শুধু টাকার অভাবে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারে না। দা'ওয়াহ বিভাগ সেইসব মেধাবী দরিদ্রদের পাশে দাঁড়ায় যারা দাঈ ইলাল্লাহ হতে চায়। এই স্কিমের আওতায় গত এক বছরে প্রায় আড়াই লক্ষ টাকার আর্থিক সহায়তা মেধাবী শিক্ষার্থীদের ভর্তিকালীন প্রদান করা হয়েছে।

## ৪. দা'ওয়াহ মেরিট অ্যাওয়ার্ড

দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগ মেধাবীদের লালন কেন্দ্র। প্রতিভাধরদের মূল্যায়ন করতে সদা তৎপর এ বিভাগ। কেননা যে দেশে গুণীদের মূল্যায়ন নেই সে দেশে গুণী জন্মায় না। আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে মেরিট অ্যাওয়ার্ড প্রোগ্রাম শুধু দা'ওয়াহ বিভাগই চালু করেছে। প্রত্যেক সেমিস্টারে ৬ জন ছাত্র-ছাত্রী এই অ্যাওয়ার্ড পেয়ে থাকেন। ছাত্রদের মধ্যে রেজাল্টের ভিত্তিতে সেরা ৩ জন এবং ছাত্রীদের মধ্যে ৩ জন সেরা রেজাল্টধারীকে এই অ্যাওয়ার্ড প্রদান করা হয়। অ্যাওয়ার্ড হিসেবে তাদেরকে ক্রেস্ট, নগদ অর্থ ও সার্টিফিকেট প্রদান করা হয়।




*দাওয়াহ মেরিট অ্যাওয়ার্ড প্রাপ্ত শিক্ষার্থীরা*

## ৫. ফ্রি আরবি ভাষা কোর্স

সৌদি আরবে পড়াশোনা করতে ইচ্ছুকদের অ্যারাবিক দক্ষতার ওপর সার্টিফিকেট থাকলে সেখানকার বিশ্ববিদ্যালয়ে চান্স পাবার সম্ভাবনা অনেকাংশে বেড়ে যায়। বিশেষত কিং আব্দুল আজিজ বিশ্ববিদ্যালয়ে আরবি সাহিত্য কিংবা ইসলামিক স্টাডিজে আবেদন করতে হলে আরবি কোর্স সার্টিফিকেট সাবমিট করতে হয়। তদুপরি মাদ্‌রাসা শিক্ষার্থীদের আরবী ভাষাগত দক্ষতা বাড়ানোর লক্ষ্যে দা'ওয়াহ বিভাগ প্রতি বছর আলিম পরিক্ষার পর আয়োজন করে পক্ষকালব্যাপী ফ্রি আরবি ভাষা কোর্সের। যেখানে আল আজহার বিশ্ববিদ্যালয়, নদওয়াতুল উলামা, মদিনা ইসলামী বিশ্ববিদ্যালয়, কিং আব্দুল আজিজ বিশ্ববিদ্যালয় জেদ্দা থেকে ডিগ্রিধারী অভিজ্ঞ শিক্ষকবৃন্দ প্রশিক্ষণ প্রদান করে থাকেন। উক্ত কোর্সের মাধ্যমে শিক্ষার্থীরা আধুনিক আরবী গ্রামার, আরবী কথপোকথন, আরবী পড়া ও লেখনীর ওপর দক্ষতা অর্জন করতে পারে। আলিম পরীক্ষার্থী ছাড়াও আলিম ১ম, ২য় ও ফাজিলের ছাত্র/ছাত্রীরাও এই কোর্সে অংশ নিতে পারে। কোর্স শেষে সবাইকে সার্টিফিকেট প্রদান করা হয়। কোর্সে অংশগ্রহণ করতে ইচ্ছুকগণ দা'ওয়াহ বিভাগের ওয়েব পেইজের মাধ্যমে আবেদন করতে হবে। বিস্তারিত জানতে ও আবেদন করতে ভিজিট করুন: https://dis.iiuc.ac.bd/dis/arabic-course




*দাওয়াহ বিভাগের উদ্যোগে আয়োজিত ফ্রি আরবী ভাষা শিক্ষা কোর্সের শিক্ষার্থীদের একাংশ।*

## ৬. দা'ওয়াহ প্রকাশনা

দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজের প্রকাশনা বিভাগ পুরো বিশ্ববিদ্যালয়ের মধ্যে শ্রেষ্ঠত্ব অর্জন করেছে। ছাত্র/ছাত্রীদের মধ্যে লুকিয়ে থাকা সুন্দর প্রতিভার উন্মেষ ঘটাতে দা'ওয়াহ প্রকাশনা বেশ কার্যকর ভূমিকা পালন করছে। নিচে দা'ওয়াহ প্রকাশনা সমূহের ওপর কিছু ধারনা দেয়া হলো:

**ক. দা'ওয়াহ মাসিক পত্রিকা:** আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের সকল বিভাগের মধ্যে দা'ওয়াহ বিভাগ সর্বপ্রথম মাসিক পত্রিকা প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছে। মাসিক পত্রিকা প্রকাশের উদ্দেশ্য হচ্ছে, ইসলামের সুমহান শিক্ষা ও আদর্শকে জন সাধারণের কাছে সহজে পৌছে দেয়া। এ পত্রিকাটি মাদ্‌রাসা শিক্ষার্থীদের আরবী ভাষা প্রশিক্ষণেও ব্যাপক ভুমিকা পালন করবে। দা'ওয়াহ বিভাগের শিক্ষার্থীদের পাশাপাশি বাংলাদেশের স্কুল/কলেজ/মাদ্‌রাসা ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা পত্রিকাটিতে লেখালেখি করতে পারবেন।

**খ. দা'ওয়াহ বুলেটিন:** দা'ওয়াহ বিভাগের অন্যতম মুখপত্র হচ্ছে, দা'ওয়াহ বুলেটিন। এই বুলেটিনের মাধ্যমে দা'ওয়াহ বিভাগের শিক্ষার্থীদের বাৎসরিক সকল তৎপরতা তুলে ধরা হয়। শিক্ষার্থীদের অ্যাকাডেমিক ও নন অ্যাকাডেমিক সফলতার কথা সংক্ষিপ্তভাবে প্রকাশ করা হয় এই বুলেটিনে। এতে শিক্ষার্থীরা উৎসাহিত হয় এবং নতুন সফলতার জন্য নিজেকে প্রস্তুত করে।

**গ. দা'ওয়াহ ক্যালেন্ডার:** দা'ওয়াহ বিভাগের ক্রিয়েটিভ উদ্যোগের অন্যতম নমুনা হচ্ছে দা'ওয়াহ বাৎসরিক ক্যালেন্ডার। বিশ্ববিদ্যালয়ের মধ্যে দা'ওয়াহ বিভাগই সর্ব প্রথম বাৎসরিক ক্যালেন্ডার প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছে। দা'ওয়াহ বিভাগের ক্যালেন্ডার ইতোমধ্যে বেশ জনপ্রিয়তা অর্জন করেছে।

**ঘ. দা'ওয়াহ ডায়েরী:** ডায়েরী মানব জীবনের অন্যতম অনুসঙ্গ। দা'ওয়াহ বিভাগের শিক্ষার্থীদের জন্য তাই প্রকাশ করা হচ্ছে বাৎসরিক ডায়েরী। উক্ত ডায়েরীতে বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনীয় সকল তথ্য সন্নিবেশিত করা হয়েছে। একজন দাঈ ইলাল্লাহর প্রয়োজনীয় কুরআন ও হাদিস অর্থ সহকারে যুক্ত করা হয়েছে উক্ত ডায়েরীতে।



*দা' ওয়াহ প্রকাশনা*

**ঙ. দা'ওয়াহ ম্যাগাজিন:** শিক্ষার্থীদের মেধা বিকাশের অন্যতম মাধ্যম হচ্ছে ম্যাগাজিন। অনেকের মধ্যেই গল্প, কবিতা, প্রবন্ধ লেখার যোগ্যতা থাকলেও তা প্রকাশ করতে পারেন না; যার কারনে তাদের প্রতিভাগুলো অংকুরেই মরে যায়। দা'ওয়াহ বিভাগ শিক্ষার্থীদের মধ্যে লুকায়িত প্রতিভাকে জাগিয়ে তোলার জন্য প্রতি বছর প্রকাশ করছে বিভিন্ন ম্যাগাজিন।

**চ. দা'ওয়াহ জার্নাল:** বিশ্ববিদ্যালয় হচ্ছে জ্ঞান সৃষ্টির স্থান। এখানে নিত্য নতুন জ্ঞান সৃষ্টি হয়। এই জ্ঞান সৃষ্টির অন্যতম মাধ্যম হচ্ছে গবেষণা জার্নাল। দা'ওয়াহ বিভাগের জার্নালের মাধ্যমে শিক্ষক ও শিক্ষার্থীরা তাদের নতুন নতুন গবেষণাকে জাতির কাছে তুলে ধরার সুযোগ পাচ্ছে।

**জ. দা'ওয়াহ দেয়ালিকা:** ছাত্র ছাত্রীদের প্রতিভা বিকাশে দেয়ালিকা হচ্ছে অন্যতম উন্মুক্ত মঞ্চ। এখানে শিক্ষার্থীরা সহজেই ছড়া, কবিতা ও ছোট গল্প, কৌতুক ও মজার শিক্ষনীয় অভিজ্ঞতা প্রকাশ করতে পারে।

## ৭. দা'ওয়াহ প্রকাশনা উৎসব ও বই মেলা

দা'ওয়াহ বিভাগের উদ্যোগে আইআইইউসির ইতিহাসে সর্ব প্রথম আয়োজন করা হয় "দা'ওয়াহ প্রকাশনা উৎসব ও বই মেলা-১৮"। ১৮-২১ ডিসেম্বর চারদিন ব্যাপী এই প্রকাশনা উৎসব ও বই মেলা পুরো ক্যাম্পাসে ব্যাপক সাড়া ফেলে। সারা দেশের সেরা প্রকাশনা সংস্থাগুলো মেলায় অংশগ্রহণ করে। ৪০ টি স্টল দিয়ে সাজানো হয়েছিল মেলা। মেলা উদ্বোধন করেন, বিশ্ববিদ্যালয়ের ভিসি ও প্রো-ভিসি মহোদয়। সকল ফ্যাকাল্টির ডীন, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ সহ সর্বস্তরের ছাত্র-শিক্ষক এতে অংশ নেন। মেলা উদ্বোধনের দুই ঘন্টার মধ্যে প্রায় আট লাখ টাকার বই বিক্রি হয়।



## ৮. দা'ওয়াহ অ্যালামনি রিইউনিয়ন

দা'ওয়াহ বিভাগ থেকে পাশ করে শিক্ষার্থীরা যেন বিভাগের সাথে সম্পর্কহীন না হয়ে যান এজন্য গঠন করা হয়েছে দা'ওয়াহ অ্যালামনি অ্যাসোসিয়েশন। গত ১৪ জুলাই ২০১৮ ইং বিভাগের উদ্যোগে অনুষ্ঠিত হয় প্রথম অ্যালামনি অ্যাসোসিয়েশনের প্রথম রিইউনিয়ন।




*প্রফেসর ড. আবু রেজা নদভী এম.পি কে DIS Alumni Association এর পক্ষ থেকে সম্মাননা ক্রেস্ট প্রদান*

## ৯. দা'ওয়াহ ওয়েলকাম ট্যুর

নবীন ছাত্র/ছাত্রীদের নিয়ে শিক্ষা সফরের ধারনা সর্বপ্রথম দা'ওয়াহ বিভাগ নিয়ে এসেছে। দেশের বিভিন্ন প্রান্তের বিভিন্ন মন-মানসিকতার শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েই নিজেকে সবকিছুর সাথে মানিয়ে নিতে পারে না। এজন্য তাদেরকে সবার সাথে মিশতে হয়। নিজের জড়তা মুছে ফেলতে হয়। নবীন শিক্ষার্থীকে খুব দ্রুত বিশ্ববিদ্যালয়ের পরিবেশের সাথে খাপ খাওয়াতে দাওয়াহ বিভাগের ওয়েলকাম ট্যুরের এই আয়োজন।

## ১০. দা'ওয়াহ ক্লাব

দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগ শিক্ষার্থীদেরকে Co-Curricular কার্যক্রমে পারঙ্গম করে তোলার লক্ষ্যে প্রতিষ্ঠা করেছে Da'wah Club। উক্ত ক্লাবের অধীনে দা'ওয়াহ বিভাগের শিক্ষার্থীগণ কুরআন তেলাওয়াত, উপস্থিত বক্তৃতা, বিতর্ক (বাংলা, আরবী ও ইংরেজী), কবিতা আবৃত্তি, সঙ্গীত, নাটক ও মুখাভিনয়সহ বিভিন্ন সাংস্কৃতিক ইভেন্টের ওপর প্রশিক্ষণ লাভ করেন। খেলাধুলায়ও তাদেরকে প্রশিক্ষণ দেয়া হয়। বিগত কয়েক বছর দা'ওয়াহ ক্লাব বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় ধারাবাহিকভাবে চ্যাম্পিয়ন, রানারআপসহ সম্মানজনক পুরস্কার অর্জন করতে সক্ষম হয়।

## ১১. দা'ওয়াহ উচ্চশিক্ষা সহায়তা সেল

সৌদি আরব সহ আরব বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স, পিএইচডি করতে ইচ্ছুক ছাত্রদের উচ্চশিক্ষায় সহায়তার লক্ষ্যে দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগ সৌদি আরবের কিং আব্দুল আজিজ বিশ্ববিদ্যালয়, মদিনা ইসলামী বিশ্ববিদ্যালয় সহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সফলভাবে পিএইচডিধারীদের সমন্বয়ে চালু করেছে উচ্চ শিক্ষা সহায়তা সেল। বিভাগীয় চেয়ারম্যান ড. মুহাম্মদ আমিনুল হকের নেতৃত্বে এ সেলটি ছাত্র ছাত্রীদের উচ্চ শিক্ষার স্বপ্ন পূরণে কাজ করে যাচ্ছে। ইতোমধ্যে অনেকেই এ সেলের সরাসরি রিকেমন্ডশন লেটার নিয়ে সৌদি আরবে পড়াশোনা করছেন।

**সহায়তার ধরনঃ**

১. দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগ থেকে অনার্স সম্পন্নকারী ছাত্র ছাত্রীদের জন্য বিশেষভাবে সুপারিশ করে Testimonial প্রশংসাপত্র প্রদান।
২. লেটার অব পারপাস লেখায় সহযোগিতা করা।
৩. আধুনিক অ্যাকাডেমিক সিভি তৈরিতে সহায়তা করা।
৪. নিখুঁতভাবে অনলাইন অ্যাপ্লিকেশনে সহায়তা করা।

## ১২. চ্যানেল দা'ওয়াহ

তথ্যপ্রযুক্তির উৎকর্ষকতার এ যুগে দা'ওয়াহ কার্যক্রমে মিডিয়ার অনবদ্য ভূমিকা অনস্বীকার্য। তাই দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগ মিডিয়ায় দাওয়াতী কাজের কলাকৌশল সম্পর্কে ছাত্রদের সুস্পষ্ট ধারণা দিতে এ বিষয়ক একটি কোর্স কারিকুলামে অন্তর্ভুক্ত করে শিক্ষার্থীদের পাঠদান করে আসছে। আর সেই সাথে হাতে কলমে দাওয়াতি কাজে মিডিয়ার ব্যবহার সম্পর্কে শিক্ষানবিস দাঈদের দক্ষ করে গড়ে তুলতে ২০১৮ সাল থেকে চালু

করা হয়েছে অনলাইন ভিত্তিক চ্যানেল "চ্যানেল দা'ওয়াহ"। চ্যানেলটির মাধ্যমে বিভাগীয় শিক্ষার্থীরা ইসলামের আলোকে নানাবিধ বিষয়ের ওপর চমৎকার আলোচনা, দাঈদের সাক্ষাৎকার, ইসলামী সংগীতানুষ্ঠানসহ নানা ধরনের শিক্ষামূলক অনুষ্ঠান জাতির সামনে উপহার দিতে সক্ষম হচ্ছে। চ্যানেলটি ভিজিট করতে লগইন করুন: https://www.youtube.com/ChannelDawah

## ১৩. দা'ওয়াহ টিউটর

দা'ওয়াহ বিভাগে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ক্লাস টাইমের পরে আলাদাভাবে টিউটর রেখে পড়াশোনার ব্যবস্থা করে দিচ্ছে দা'ওয়াহ ডিপার্টমেন্ট। যেখানে মূলত শিক্ষার্থীদের বেসিক অ্যারাবিক গ্রামার, হিফজুল মুতুন, বিভিন্ন ভাষায় বক্তৃতা ও উপস্থাপনা প্র্যাকটিস করার সুযোগ। যা ছাত্রদের নানা বিষয়ে দক্ষতা বৃদ্ধির পাশাপাশি একাডেমিক উৎকর্ষ সাধনে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে।

## ১৪. দা'ওয়াহ জব কর্নার

দা'ওয়াহ বিভাগ থেকে পাশকৃত ছাত্র/ছাত্রীদের জন্য খোলা হয়েছে দা'ওয়াহ জব কর্নার। দা'ওয়াহ জব কর্নারের সহায়তা নিয়ে তারা কাংখিত জব খুঁজে নিতে পারবেন। দা'ওয়াহ জব কর্নারের সেবা পেতে হলে নিচের লিংকে গিয়ে ফরম পূরণ করে সাবমিট করতে হবে:
https://www.iiuc.ac.bd/dis/jobcorner

## ১৫. দা'ওয়াহ লিডারশীপ ট্রেনিং ক্যাম্প

দা'ওয়াহ বিভাগের শিক্ষার্থীদের মাঠ পর্যায়ে দাওয়াতী কাজ আঞ্জাম দেয়ার জন্য হাতে কলমে প্র্যাকটিক্যাল প্রশিক্ষণের কোনো বিকল্প নেই। দা'ওয়াহ লিডারশীপ ট্রেনিং ক্যাম্পের মাধ্যমে শিক্ষার্থীরা বাস্তব ময়দানে দা'ওয়াতী কাজের পদ্ধতি সুন্দরভাবে রপ্ত করতে পারেন।

## ১৬. দা'ওয়াহ শর্ট কোর্স অন বেসিক ইসলাম

দা'ওয়াহ বিভাগের কাজ হচ্ছে ইসলামের মৌলিক শিক্ষা গণ-মানুষের কাছে পৌছে দেয়া। এ দেশের জনসাধারনের বিশাল অংশ ইসলামের মৌলিক শিক্ষা সম্পর্কে অন্ধকারে আছেন কিংবা অস্বচ্ছ ধারণা রাখেন। এ কারণে আমাদের দেশে শিরক, বিদআত ও বিভিন্ন কু-সংস্কার বৃদ্ধি পাচ্ছে। দা'ওয়াহ বিভাগের উদ্যোগে "দা'ওয়াহ শর্ট কোর্স অন বেসিক ইসলাম" প্রোগ্রামটি জনসাধারনকে ইসলামের মৌলিক বিষয়ে জ্ঞান দিতে বেশ সহযোগিতা করবে। দা'ওয়াহ বিভাগের শিক্ষক ও ট্রেনিংপ্রাপ্ত শিক্ষার্থীগণ বিভিন্ন প্রতিষ্ঠানে গিয়ে মাত্র ২ দিনে ৮/১০ ঘন্টার ক্লাস নিয়ে কোর্সে অংশগ্রহণকারীদের পরীক্ষা নিবেন। এরপর পরীক্ষায় উত্তীর্ণদের মাঝে শর্ট কোর্সের সার্টিফিকেট বিতরণ করা হবে। শর্টকোর্সগুলো হচ্ছে:

১. শর্ট কোর্স অন তাওহীদ
২. শর্ট কোর্স অন আন্ডারস্টান্ডিং কুরআন
৩. শর্ট কোর্স অন সালাত
৪. শর্ট কোর্স অন সাওম
৫. শর্ট কোর্স অন যাকাত
৬. শর্ট কোর্স অন হাজ্জ

### এক নজরে দাওয়াহ বিভাগ

| | |
|---|---|
| নাম বাংলা | : দাওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগ |
| নাম ইংরেজী | : Depertment of Da'wah & Islamic Studies |
| নাম আরবী | : قسم الدعوة والدراسات الإسلامية |
| বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুমোদন লাভ | : ১৮ ডিসেম্বর, ১৯৯৪ ইংরেজী |
| বি.এ অনার্স প্রোগ্রাম শুরু | : অটাম সেমিস্টার, ১৯৯৮ ইং (১লা সেপ্টেম্বর, ১৯৯৮) |
| মাস্টার্স প্রোগ্রামের সরকারী অনুমোদন | : ১০ আগস্ট, ২০০৩ ইংরেজী। |
| ব্যাচ সংখ্যা | : ৩৮ |

# জিজ্ঞাসার জবাব

প্রশ্নঃ ভর্তি পরিক্ষা বছরে কতবার অনুষ্ঠিত হয় এবং কখন?

উত্তরঃ বছরে দুইবার ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়।

- স্প্রিং সেমিস্টারঃ মার্চ - সেপ্টেম্বর। ভর্তি পরীক্ষা: জানুয়ারী - ফেব্রুয়ারী মাসে।
- অটাম সেমিস্টারঃ অক্টোবর - ফেব্রুয়ারী। ভর্তি পরীক্ষা: জুন - আগস্ট মাসে।

প্রশ্নঃ সর্বশেষ কত সালের আলিম/সমমান দিয়ে দা'ওয়াহ বিভাগে ভর্তি হওয়া যায়?

উত্তরঃ আলিম পাশের পাঁচ বছরের মধ্যে দা'ওয়াহ বিভাগে ভর্তির সুযোগ রয়েছে।

প্রশ্নঃ ভর্তি পরিক্ষায় পাশ মার্কস কত?

উত্তরঃ ৪০

প্রশ্নঃ আমি কওমী মাদরাসা থেকে দা'ওরায় হাদিস পাশ করেছি। বর্তমানে দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগে বি.এ অনার্স করতে আগ্রহী। আমার প্রশ্ন হলো, দা'ওয়াহ বিভাগের অনার্স সার্টিফিকেট দিয়ে কি বিদেশে মাস্টার্স / পিএইচডি করতে পারবো?

উত্তরঃ অবশ্যই পারবেন। আরব বিশ্বসহ ইউরোপ আমেরিকার যেকোনো বিশ্ববিদ্যালয়ে এ সার্টিফিকেট গ্রহণযোগ্য। উল্লেখ্য, দা'ওয়াহ বিভাগ থেকে অনার্স/মাস্টার্স পাশ করে ইতোমধ্যে বহু শিক্ষার্থী বিদেশে উচ্চশিক্ষা অর্জন করেছেন এবং বর্তমানে করছেন।

প্রশ্নঃ দা'ওয়াহ বিভাগে অনার্স সম্পন্ন করতে চার বছরে সর্বমোট কত টাকা লাগবে?

উত্তরঃ চার বছরে সর্বমোট খরচ ৭৪,৫০০ টাকা।

প্রশ্নঃ সব টাকা কি একসাথে প্রদান করতে হয়?

উত্তরঃ না, সব টাকা একসাথে দিতে হয় না। প্রথমে ভর্তিকালীন একসাথে ১৬,৫০০ টাকা প্রদান করতে হয় এবং বাদবাকি টাকা প্রতি ছয় মাস অন্তর ২ কিস্তি করে দেওয়ার সুযোগ আছে।

প্রশ্নঃ আমি আর্থিকভাবে অসচ্ছল। সহযোগিতামূলক কোন ফান্ড আছে কি?

উত্তরঃ আর্থিকভাবে অসচ্ছল মেধাবী ছাত্র/ছাত্রীদের সহায়তায় দা'ওয়াহ বিভাগের আলাদা ফান্ড আছে। যার মাধ্যমে প্রতি সেমিস্টারে দরিদ্র মেধাবী শিক্ষার্থীরা আর্থিকভাবে সহযোগিতা পেয়ে থাকে।

প্রশ্নঃ স্কলারশীপের সুযোগ আছে?

উত্তরঃ আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ের মধ্যে দা'ওয়াহ বিভাগ একমাত্র বিভাগ যার রয়েছে মাসিক স্কলারশীপ স্কিম। এ স্কিমের আওতায় মেধাবী শিক্ষার্থীরা প্রতি মাসে ৫০০/১০০০ টাকা করে বৃত্তি পেতে পারে। এছাড়া বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সেমিস্টার শেষে রেজাল্টের ওপর ভিত্তি করে ভালো রেজাল্টধারীদের বৃত্তি দিয়ে থাকেন।

প্রশ্নঃ APT কি?

উত্তরঃ অ্যারাবিক প্লেসমেন্ট টেস্ট। ব্যাসিক অ্যারাবিক কার কতটুকু আছে তা যাচাই করার জন্য যথারীতি Da'wah ডিপার্টমেন্ট সহ শরীয়াহ অনুষদের সব ডিপার্টমেন্ট অভিন্ন পদ্ধতি অনুসরণ করে একটি পরীক্ষা নিয়ে থাকে এবং যারা এ পরীক্ষায় উত্তীর্ণ হতে পারবে তারা সরাসরি অনার্স কোর্সে প্রমোশন পাবে। অন্যথায় আরবি ভাষা কোর্স করতে হবে।

প্রশ্নঃ লেভেল কি?

উত্তরঃ এটা ব্যাসিক অ্যারাবিক এর ওপর একটি ফাউন্ডেশন কোর্স। অ্যারাবিক রিডিং স্কিল, রাইটিং স্কিল, স্পিকিং স্কিল এবং গ্রামার স্কিল ডেভেলপমেন্ট এর জন্য বিশেষভাবে সাজানো। আরবিতে প্রাথমিক পর্যায়ের ছাত্রদের জন্য এ কোর্সটি করা জরুরী।

প্রশ্নঃ বিশ্ববিদ্যালয়ে আবাসিক সুবিধা আছে?

উত্তরঃ হ্যা, আছে। মনোরম পরিবেশে ৩টি হল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসেই অবস্থিত।

প্রশ্নঃ হলে সিট কিভাবে পাব?

উত্তরঃ হলে সিট পাওয়া একটু কঠিন। তবে হতাশার কিছু নেই। SDSWD থেকে ফরম নিয়ে আবেদন করতে হবে এরপর ভাইভা হবে। রেজাল্ট, বাড়ির দূরত্ব, ইত্যাদি বিষয় বিবেচনা করে হলে সিট দেওয়া হয়ে থাকে।

প্রশ্নঃ পার্টটাইম চাকুরীর সুযোগ আছে?

উত্তরঃ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরীতে পার্ট টাইম চাকুরীর সুযোগ আছে। এর জন্য কম্পিউটার বিষয়ে আপনার ভালো দক্ষতা থাকতে হবে।

# আহবান

ইসলামের পথে মানুষকে আহবান করা প্রত্যেক মুসলিম নর-নারীর ওপর ফরজ। দা'ওয়াতী কাজের মাধ্যমে একটি সুন্দর সমাজ গঠন করা সম্ভব। সমাজে দা'ওয়াতী কাজ না থাকলে আমরা হারিয়ে যাবো অন্ধকারের অতল গহবরে।

দা'ওয়াতী কাজের মতো এত গুরুত্বপূর্ণ কাজ যেনতেন ভাবে যে কেউ করতে পারে না। এজন্য দরকার একদল সুশিক্ষিত দাঈ ইলাল্লাহ। যারা নবী-রাসূল ও সালফে সালেহীনের বাতলানো পদ্ধতিতে আধুনিক উপায়ে ইসলামের সুমহান আদর্শকে মানুষের দোর গোড়ায় পৌঁছে দেবে।

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগ যোগ্য ও সুদক্ষ দাঈ ইলাল্লাহ তৈরীর জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ বিভাগের মাধ্যমে একজন শিক্ষার্থী আরবী ভাষা, কুরআন-হাদিস, আক্বিদা, ফিকহ ও দা'ওয়াহ বিষয়ক বিভিন্ন কোর্স পড়ে নিজেকে দাঈ ইলাল্লাহ ও আলেমে দ্বীন হিসেবে গড়ে তুলতে পারে।

বাংলাদেশে অনেক মেধাবী মুখ আছে যারা সঠিক তত্ত্বাবধান ও শিক্ষা প্রতিষ্ঠানের অভাবে নিজের মেধা, যোগ্যতাকে কাজে লাগাতে পারেনা। তাদের স্বপ্নগুলো অধরাই থেকে যায়। এইসব মেধাবীদের জন্য আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগ হতে পারে একটি আদর্শ স্থান। একজন শিক্ষার্থীর মেধা বিকাশের সুন্দর মঞ্চ আছে এখানে। দা'ওয়াহ চ্যানেল, মাসিক স্কলারশিপ, মেরিট অ্যাওয়ার্ড, দরিদ্র শিক্ষার্থী সহায়তা, মাসিক পত্রিকা ইত্যাদি কার্যক্রম দা'ওয়াহ বিভাগকে অন্য বিভাগ থেকে আলাদা করেছে। মেধাবীদের স্বপ্ন পূরণে দা'ওয়াহ বিভাগের একদল নিবেদিতপ্রাণ শিক্ষক সদা কাজ করে যাচ্ছেন। দেশ ও মুসলিম উম্মাহকে ভালো কিছু উপহার দেয়ার জন্য দা'ওয়াহ বিভাগের এ তৎপরতায় আপনিও শামিল হোন।


**ড. মুহাম্মদ আমিনুল হক**

চেয়ারম্যান

দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগ

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম।

মোবাইল: ০১৭৪৮-৮০৬৪৯২



প্রকাশনায়

*দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগ*

প্রকাশকাল

*মে ২০১৯ ইংরেজী*